দিনাজপুরে বাসায় ঢুকে ইউএনওকে কুপিয়ে জখম, মাথার হাড় ভেঙে মস্তিষ্কে ঢুকে গেছে

দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াহিদা খানম (৩৫) ও তার বাবা ওমর আলীকে কুপিয়ে গুরুতর জখম করেছে দুর্বৃত্তরা। আহত ইউএনও বর্তমানে রংপুর ডক্টরস ক্লিনিকে আইসিইউতে চিকিৎসাধীন। তার বাবাকে রংপুর মেডিকেল কলেজ হাসাপাতালে ভর্তি করা হয়েছে। দুই জনকেই ঢাকায় নিয়ে যাওয়ার প্রস্তুতি চলছে।

বুধবার (২ সেপ্টেম্বর) রাত আড়াইটার দিকে সরকারি বাসভবনের ভেন্টিলেটর ভেঙে এই ঘটনা ঘটিয়েছে দুষ্কৃতকারীরা। জানা গেছে, উভয়ে শরীর ও মাথায় আঘাত পেয়েছেন।

ইউএনওর বাবা ওমর আলী প্রতিদিন সকালে হাঁটাহাঁটি করেন। কিন্তু আজ সকালে তিনি বাড়ি থেকে হাঁটার জন্য বের না হওয়ায় তার সঙ্গীরা খোঁজ নিতে বাড়িতে যান। পরে বাড়িতে ডাকাডাকি করেও কোনও সাড়া না পেয়ে পুলিশকে খবর দেন তারা। পরে পুলিশ এসে ইউএনও ও তার বাবাকে আহতাবস্থায় দেখে তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। ঘটনার সময় প্রহরীকে একটি ঘরে বেঁধে রাখা হয়েছিল বলে জানা গেছে।

এখন পর্যন্ত বাড়ির কোনও কিছু খোয়া গেছে কিনা তা নিশ্চিত হওয়া যায়নি। ধারণা করা হচ্ছে, পূর্ব শত্রুতার জের ধরে এই ঘটনা ঘটেছে।

এই ঘটনা জানার পরপরই দিনাজপুরের জেলা প্রশাসক মাহমুদুল আলম, পুলিশ সুপার আনোয়ার হোসেনসহ প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে গেছেন।

ঘোড়াঘাট থানার ওসি আমিরুল ইসলাম বলেন, এই ঘটনায় একটি মামলা প্রক্রিয়াধীন রয়েছে। ঘটনাটি বিস্তারিতভাবে তদন্ত করা হচ্ছে।

ঘোড়াঘাট পৌরসভার মেয়র আব্দুস সাত্তার মিলন বলেন, প্রশাসনের কর্মকর্তারা এখনও বিষয়টি তদন্ত করছেন। এখনও সঠিকভাবে কিছুই বলা যাচ্ছে না, ঘটনাটি খুবই মর্মান্তিক। এখানে প্রশাসনের কর্মকর্তারা আছেন। হত্যার উদ্দেশ্যে ডাকাতির মতো একটি বিষয়। আহতরা খুবই গুরুতর এবং রংপুরে পাঠানো হয়েছে। তাদের ঢাকায় নিয়ে যাওয়া হতে

পারে।

পরে জানা গেছে, ঘোড়াঘাট উপজেলার ইউএনও ওয়াহিদা খানমের মাথায় আঘাতের কারণে হাড় ভেঙে সেটা মস্তিষ্কে ঢুকে গেছে। তার এক সাইড অবশ হয়ে আছে।

ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালের পরিচালক ও প্রখ্যাত নিউরোসার্জন অধ্যাপক ডা. কাজী দীন মোহাম্মদ সাংবাদিকদের এসব তথ্য জানান।

তিনি বলেন, ইউএনও ওয়াহিদাকে আইসিইউতে রাখা হয়েছে। আমরা একটি অস্ত্রোপচারের সিদ্ধান্ত নিয়েছি। রাত ৯টার দিকে এটা করা হতে পারে।

দুর্বৃত্তদের হামলায় গুরুতর দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াহিদা খানমকে রাজধানীর আগারগাঁওয়ে নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। বৃহস্পতিবার বিকাল সোয়া ৩টার দিকে তাকে হেলিকপ্টারে করে ঢাকায় আনা হয়। ওই হামলায় ইউএনও ওয়াহিদা খানমের বাবাও গুরুতর আহত হন।

ইউএনও ওয়াহিদা খানম নিজের সরকারি বাসভবনে দুর্বৃত্তদের হামলার শিকার হন। বুধবার দিবাগত রাত ২টার পর দুর্বৃত্তরা তার বাসায় ঢুকে ধারালো অস্ত্র ও হাতুড়ি জাতীয় কিছু একটা দিয়ে ইউএনও এবং তার বাবার ওপর হামলা চালায়। ইউএনওর মাথায় গুরুতর আঘাত এবং তার বাবাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর আহত করা হয়।

পুলিশ জানায়, ইউএনওর বাসভবনের ভেন্টিলেটর দিয়ে বাসায় ঢুকে ওয়াহিদা ও তার বাবা ওমর আলীর ওপর হামলা হয়।

আহত ওয়াহিদা খানমকে প্রথমে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। পরে তাকে এয়ার অ্যাস্বুলেন্সে করে ঢাকার আনা হয়। ওয়াহিদার বাবাকে ঘোড়াঘাট স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে।

ওয়াহিদার বাবা নওগাঁ থেকে মেয়ের বাড়িতে বেড়াতে এসেছিলেন। তার স্বামী মেজবাহুল হোসেন রংপুরের পীরগঞ্জের উপজেলা নির্বাহী কর্মকর্তা। তাদের তিন বছর বয়সী এক ছেলে রয়েছে।

[redacted]

[redacted]

এখন সেই আবেদনের ওপর আইন মন্ত্রণালয় তাদের মতামত পাঠালো। আইনমন্ত্রী জানিয়েছেন, এটি প্যারোল বা জামিন মুক্তি নয়। ফৌজদারি কার্যবিধিতে সরকারের যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতাবলে সাজা স্থগিত করে এই মুক্তির বিষয় এসেছে।

২০০৮ সালে বিএনপি চেয়ারপার্সনের বিরুদ্ধে জিয়া চ্যারিটেবল ট্রাস্টের অর্থ আত্মসাতের অভিযোগে মামলা দায়ের হয়। দশ বছর পর ২০১৮ সালের ফেব্রুয়ারিতে মামলার রায়ে তার পাঁচ বছরের কারাদণ্ড হয়। তবে পরে হাইকোর্ট সেই সাজা বাড়িয়ে দশ বছরের কারাদণ্ডের আদেশ দেন।

সূত্র- বিডি-প্রতিদিন

মালয়েশিয়ায় বাংলাদেশিদের প্রবেশে নিষেধাজ্ঞা আসছে ৭ সেপ্টেম্বর থেকে

আগামী সোমবার (৭ সেপ্টেম্বর) থেকে কোভিড -১৯-এর দেড় লাখের বেশি মামলা রেকর্ড করা দেশগুলোর নাগরিকদের উপর সরকার প্রবেশ নিষেধাজ্ঞা জারি করবে বলে জানিয়েছে মালয়েশিয়ার প্রতিরক্ষামন্ত্রী দাতুক সেরি ইসমাইল সাবরি ইয়াকুব।

সিনিয়রমন্ত্রী (সুরক্ষা) বলেছেন, তালিকার দেশগুলোর মধ্যে আমেরিকা যুক্তরাষ্ট্র, ব্রাজিল, ফ্রান্স, যুক্তরাজ্য, স্পেন, ইতালি, সৌদি আরব, রাশিয়া এবং বাংলাদেশ রয়েছে। পাশাপাশি তিনটি দেশ ভারত, ইন্দোনেশিয়া এবং ফিলিপিন্সের নাম আগে ঘোষণা করা হয়েছে। আমরা উচ্চ-ঝুঁকিযুক্ত বলে বিবেচিত আরও বেশি দেশকে এই তালিকায় যুক্ত করব, যার দেড় হাজারেরও বেশি ইতিবাচক মামলা রয়েছে। তাদের নাগরিকদের (মালয়েশিয়ায় প্রবেশ নিষিদ্ধ) করা হবে।

‘তবে, জরুরি পরিস্থিতি বা দ্বিপক্ষীয় সম্পর্কের সাথে জড়িত যেমন-যদি কোনও ব্যক্তির দেশগুলোর মধ্যে বৈঠকের জন্য আসা দরকার হয়,

তবে আমরা প্রবেশের অনুমতি দেব। তবে এতে ইমিগ্রেশন বিভাগের অনুমতির প্রয়োজন। আজ বৃহস্পতিবার তিনি বিশেষ কমিটির বৈঠকে সভাপতিত্বের পরে সাংবাদিকদের এসব কথা বলেন।
তিনি আরও বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয় কোভিড -১৯-এর পরে দেড় লাখের বেশি ইতিবাচক মামলা রেকর্ড করেছে এমন দেশগুলোর বিষয়ে বিশদ ঘোষণা করবে।

গত মঙ্গলবার ইসমাইল সাবরি সে দেশগুলোতে কোভিড -১৯ মামলার বৃদ্ধির কারণে ৭ সেপ্টেম্বর থেকে ভারত, ইন্দোনেশিয়া এবং ফিলিপাইন থেকে দীর্ঘমেয়াদী পাসধারীদের প্রবেশ নিষেধাজ্ঞার ঘোষণা দিয়েছে।

নিষেধাজ্ঞায় ছয়টি ক্যাটাগরির পাস হোল্ডার অন্তর্ভুক্ত রয়েছে, যথা স্থায়ী আবাসিক স্ট্যাটাস (পিআর), মালয়েশিয়া মাই সেকেন্ড হোম প্রোগ্রাম (এমএম 2 এইচ) অংশগ্রহণকারীরা, পেশাদার ভিজিট পাস (পিভিপি) ধারক এবং আবাসিক পাসধারীরা সহ অভিবাসীরা।

মালয়েশিয়ার নাগরিকদের পত্নী এবং তাদের সন্তানদের পাশাপাশি তিনটি দেশের শিক্ষার্থী যারা মালয়েশিয়ায় ফিরে আসতে চেয়েছিল তাদেরও নিষেধাজ্ঞা ছিল।

এদিকে ইসমাইল সাবরি বলেছেন, উচ্চ ঝুঁকিপূর্ণ দেশ থেকে মালয়েশিয়ানদের দেশে ফিরতে দেওয়ার ক্ষেত্রে সরকারের কোনও সমস্যা নেই। তবে মানক অপারেটিং পদ্ধতিতে (এসওপি) নির্ধারিত ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকতে হবে তাদের।

নতুন এ সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে তিনি বলেন, কোভিড-১৯ মহামারী মোকাবিলার জন্য জনগণ এসওপি-র অনুসরণ করে চলেছে তা নিশ্চিত করার জন্য এটি আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত হবে।

সূত্র- বিডি প্রতিদিন

ঢাকা-৫ ও নওগাঁ-৬ আসনের তফসিল ঘোষণা

ঢাকা-৫ ও নওগাঁ-৬ আসনের উপ-নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। আজ বৃহস্পতিবার তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)।

গত ৬ মে বার্ধক্যজনিত কারণে হাবিবুর রহমান মোল্লা মারা গেলে ঢাকা-৫ আসনটি শূন্য হয়। এ আসনে ভোট করার শেষ সময় ১ নভেম্বর।

এছাড়া গত ২৭ জুলাই নওগাঁ-৬ আসনের সংসদ সদস্য ইসরাফিল আলম করোনা আক্রান্ত হয়ে মারা যান। ফলে আসনটি শূন্য হয়। সে অনুযায়ী ৯০ দিনের হিসাবে ২৪ অক্টোবরের মধ্যে এই আসনে ভোট করার বাধ্যবাধকতা রয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

জাপানে টাইফুনে কার্গো জাহাজ ডুবি, ৪৫ নাবিক ও ৬০০০ গবাদিপশু নিখোঁজ

জাপানে শক্তিশালী টাইফুন মেসাকের কবলে পড়া একটি কার্গো জাহাজ থেকে নিখোঁজ হওয়া একজনকে উদ্ধার করা হয়েছে। তিনি লাইফ জ্যাকেট পরে থাকায় পানিতে ভেসে ছিলেন। এ ছাড়া জাহাজের ৪৫ নাবিক নিখোঁজ রয়েছেন। জাহাজে ৬ হাজার গবাদি পশুও ছিল, যেগুলো নিখোঁজ রয়েছে।

নিখোঁজদের মধ্যে ৩৯ জন ফিলিপিন্সের, দু’জন অস্ট্রেলিয়ার এবং নিউজিল্যান্ডের নাগরিক।

জাপানের কোস্টগার্ডের তথ্য মতে, উদ্ধার হওয়া ব্যক্তি ফিলিপিন্সের নাগরিক। ডুবে যাওয়া জাহাজটি ঝড়ের কবলে পড়ার আগেই ইঞ্জিন বিকল হয়ে পড়ে। বুধবার (২ সেপ্টেম্বর) রাতে জাহাজটি

দক্ষিণ-পশ্চিম জাপানের আমামি ওশীমা দ্বীপের পশ্চিম থেকে একটি বিপদ সংকেত পাঠিয়েছিল।

ঝড়ো বাতাস এবং টাইফুনের প্রভাবে উদ্ধার কাজ ব্যাহত হচ্ছে বলে জানা গেছে। এদিকে, সাগরে নিখোঁজ ব্যক্তিদের সম্পর্কে তথ্য প্রদানে তাদের পরিবারকে সহায়তা দিচ্ছে অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড সরকার।

১১ হাজার ৯৪৭ টনের ‘গাল্ফ লাইভস্টক-১’ জাহাজটি পূর্ব চীন সাগরের দীকে দুর্ঘটনার কবলে পড়ে। নিখোঁজ কার্গোটির সন্ধানে উদ্ধারকারী বিমান ও জাহাজ নিয়ে গভীর সাগরে তল্লাশি চালাচ্ছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

সূত্র : বিবিসি

দক্ষিণ কোরিয়ায় আঘাত হেনেছে শক্তিশালী টাইফুন ‘মেসাক’

দক্ষিণ কোরিয়ার উপকূলীয় বুসান শহরে ঘণ্টায় ১৪০ কিলোমিটার গতিতে আঘাত হেনেছে শক্তিশালী টাইফুন ‘মেসাক’। স্থানীয় সময় বৃহস্পতিবার ভোরে টাইফুনের আঘাতে দেশটির উপকূলীয় বুসান শহরটি লণ্ডভণ্ড হয়ে গেছে। বিধ্বস্ত হয়েছে বহু ঘরবাড়ি।

টাইফুনের আঘাতে বুসান শহরের কয়েক হাজার মানুষ বিদ্যুৎহীন হয়ে পড়েছে। এদিকে, শক্তিশালী টাইফুন ‘মেসাক’ দক্ষিণ কোরিয়ার আঘাত হানার পর উত্তর কোরিয়ার দিকে অগ্রসর হচ্ছে বলে জানা গেছে।

এর আগে, ঘণ্টায় ১৬২ কিলোমিটার গতিতে জাপানের পশ্চিম উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড়টি। টাইফুনের কবলে পড়ে জাপানে একটি কার্গো জাহাজসহ ৪৫ নাবিক নিখোঁজ হয়েছে বলে জানা যায়। ১১ হাজার ৯৪৭ টনের ‘গাল্ফ লাইভস্টক-১’ ওই জাহাজটি পূর্ব চীন সাগরের দিকে দুর্ঘটনার কবলে পড়ে। নিখোঁজ কার্গোটির সন্ধানে উদ্ধারকারী বিমান ও জাহাজ নিয়ে গভীর সাগরে তল্লাশি চালাচ্ছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। নিখোঁজদের

মধ্যে ৩৯ জন ফিলিপিন্সের, দু’জন অস্ট্রেলিয়ার এবং নিউজিল্যান্ডের নাগরিক বলে জানা গেছে।

সূত্র- বিডি প্রতিদিন

শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌপথে ফেরি চলাচল বন্ধ

মুন্সিগঞ্জের শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌপথে ফেরি চলাচল বন্ধ করে দিয়েছে সংশ্লিষ্ট ঘাট কর্তৃপক্ষ। নাব্যতা সংকটের কারণে বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা থেকে ফেরি চলাচল বন্ধ রাখা হয়।

শিমুলিয়া ঘাটের বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) ব্যবস্থাপক সাফায়েত আহমেদ জানান, নাব্যতা সংকটের কারণে সকাল সাড়ে ৭টা থেকে এ নৌরুটে ফেরি চলাচল বন্ধ রাখা হয়েছে।

সকাল ৬টার দিকে কলমিলতা ফেরি যাত্রী ও যানবাহন নিয়ে ছেড়ে গিয়েছিল এরপর পথিমধ্যে চ্যানেলে নাব্যতা সংকটের কারণে আবার ঘাটে ফিরে আসে। বর্তমানে প্রায় চার শতাধিক গাড়ি পারের অপেক্ষায় আছে শিমুলিয়া ঘাটে।

সূত্র- বিডি প্রতিদিন

জেএসসি-জেডিসির বিকল্প

পরীক্ষার নির্দেশ

মহামারী করোনাভাইরাসের কারণে পরিবর্তীত পরিস্থিতিতে কেন্দ্রীয়ভাবে জেএসসি ও জেডিসি পরীক্ষা হবে না। তবে বিকল্প হিসেবে এবার অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের নিজ নিজ বিদ্যালয়ে মূল্যায়ন করে তাদের নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হবে বলে জানা গেছে।

মঙ্গলবার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যাদের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে চিঠি দিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়।

এর পরিপ্রেক্ষিতে ঢাকা বোর্ড বুধবার শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের চিঠি দিয়ে, করোনা সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি-জেডিসি পরীক্ষা না নিয়ে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উন্নীত করার নির্দেশ দেওয়া হয়েছে।

চিঠিতে এ বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে যথাসময়ে নির্দেশনা দেওয়া হবে বলেও উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, করোনাভাইরাসের কারণে গত ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রেখেছে সরকার। সর্বশেষ কিছুদিন আগে এই ছুটির মেয়াদ ৩ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হয়।

সূত্র- বিডি প্রতিদিন

‘ভিয়েতনামপ্রবাসীরা অপরাধে অভিযুক্ত ছিলেন না, অথচ জেলে

পাঠানো হলো’

ভিয়েতনাম প্রবাসীরা অপরাধে অভিযুক্ত ছিলেন না, অথচ জেলে পাঠানো হলো। ভিয়েতনাম ফেরত প্রবাসীদের কারাগারে পাঠানোর ঘটনায় প্রতিক্রিয়া জানিয়ে গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না একথা বলেন।

সংগঠনের কেন্দ্রীয় সদস্য সাকিবের সাক্ষরিত পাঠানো বিবৃতিতে মান্না বলেন, ১ সেপ্টেম্বর বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রথমবারের মতো ৩৯ বিলিয়ন ডলার ছাড়িয়েছে। আর এদিনই ভিয়েতনামফেরত ৮১ প্রবাসীকে জেলে পাঠানো হলো। সাথে রয়েছে কাতারপ্রবাসী আরও দুইজন।

তিনি বলেন, একটা সরকার কতটা অমানবিক হলে অপরাধীদের বাঁচাতে নির্যাতনের শিকার মানুষকে জেলে পুরে রাখতে পারে। এই ৮১ জনের প্রত্যেকে চার থেকে সাড়ে চার লাখ টাকা খরচ করে বিদেশে যাওয়ার জন্য যত নিয়ম-কানুন আছে সব প্রক্রিয়া শেষ করে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ছাড়পত্র নিয়ে ভিয়েতনামে যান। প্রতারণার শিকার এই প্রবাসীরা ভিয়েতনামের বাংলাদেশ দূতাবাসে গিয়েছিলেন প্রতিকারের আশায়। আর সেটিকে দূতাবাস দখলের চেষ্টা বলে সাংবাদিকদের জানিয়েছিলেন খোদ পররাষ্ট্রমন্ত্রী। কী বিস্ময়কর ঘটনা!

তিনি বলেন, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন ২০১৩ অনুযায়ী, বিদেশে কোনো সমস্যা হলে প্রবাসীরা নিজ দেশের দূতাবাসে যাবেন, সেটাই স্বাভাবিক। অথচ বলা হলো, এরা দূতাবাস দখল করতে গেছে। এ ঘটনার সাথে জড়িত দালাল, এজেন্সি বা জনশক্তি প্রশিক্ষণ ও কর্মসংস্থান ব্যুরোর সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের ব্যাপারে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। ভুক্তভোগীদের জেলে পাঠানো হলো।

মান্না বলেন, এর আগে কুয়েত, কাতার ও বাহরাইন থেকে আসা ২১৯ জনকে দিয়াবাড়ির কোয়ারেন্টাইন সেন্টার থেকে জেলে নেয়ার সময় যে অভিযোগ আনা হয়েছিল, এবারও সেই একই অভিযোগ আনা হয়েছে। প্রতিটি শব্দ, বাক্য, একই। সেই একই অভিযোগ, কোয়ারেন্টাইনে থাকা অবস্থায় দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করার খবর জানতে পেরেছে। পত্রিকান্তরে প্রকাশ, সেই মামলার এজাহার আর এবারের মামলার এজাহার হুবহু এক, এমনকি বানান এবং বাক্যবিন্যাসের ভুলগুলোও।

তিনি বলেন, মধ্যপ্রাচ্য থেকে আসা অভিবাসীরা বিভিন্ন অপরাধে সেখানে জেলে থাকলেও ভিয়েতনাম থেকে ফেরত আসাদের কেউই সেদেশে কোনো অপরাধে অভিযুক্ত বা কারাগারে ছিলেন না। দেশে এসে তারা হঠাৎ করে অপরাধী হয়ে গেল। ভিয়েতনামফেরত প্রবাসীরা দালালচক্রের হোতা, জড়িত রিক্রুটিং এজেন্সি এবং এদের সাথে কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কতিপয় কর্মকর্তা এবং দূতাবাসের সুসম্পর্কের কথা বারবার বললেও তাদের ব্যাপারে কোনো ধরনের ব্যবস্থা নেয়া হয়নি।

সূত্র- বিডি-প্রতিদিন

করোনায় আরও ৩৫ জনের মৃত্যু, নতুন শনাক্ত ১৯৫০

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৩১৬ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ১ হাজার ৯৫০ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ১৪ হাজার ৯৪৬ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ২৯০ জন এবং মোট সুস্থ ২ লাখ ৮ হাজার ১৭৭ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ২০৯টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ৯৫০ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ৩ লাখ ১৪ হাজার ৯৪৬।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১৫ দশমিক ৯৭ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৩৫ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়ার রোগীদের মধ্যে ২১ জন পুরুষ ও ১৪ জন নারী। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৩১৬

জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ২৯০ জন এবং মোট সুস্থ ২ লাখ ৮ হাজার ১৭৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৬৬ দশমিক ১০ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ৩৭ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

সূত্র- যুগান্তর